বিসমিল্লাহির রাহমানির রাহিম

# মদিনাতুল উলুম মডেল ইনস্টিটিউট ফাজিল (ডিগ্রি) মাদ্রাসা




নাইক্ষ্যংছড়ি উপজেলা সদর, বান্দরবান পার্বত্য জেলা

স্থাপিত ঃ ০১/০১/১৯৯০ খ্রিঃ।

✸ EIIN-103132 ✸ E-mail-m103132@yahoo.com. ✸ Madrasah Code : 19754

website : www.mumiam.edu.bd.

Mobile : Self- 01818-906-995 # Self- 01559-482-920 # Office- 01612-917-106 # Office- 01309-103-132


স্মারক নং-মউমইফামা/সাত-০১.০১/২৫০/২০২৩/৫০০০ তারিখ ঃ ১৪/১০/২০২৩ খ্রিঃ

**বিষয় ঃ অত্র মাদ্রাসার ইবতেদায়ী নুরানী স্তর, ইবতেদায়ী স্তর ও দাখিল স্তরের বার্ষিক পরীক্ষা'২০২৩ পরিচালনা কমিটি গঠন প্রসঙ্গে।**

উপর্যুক্ত বিষয়ের আলোকে শিক্ষা মন্ত্রণালয়ের নির্দেশনার প্রেক্ষিতে দেশের বেসরকারী মাদ্রাসা সমূহের জন্য শিক্ষা মন্ত্রণালয় নিয়ন্ত্রণাধীন মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, ঢাকা কর্তৃক ঘোষিত সময় সূচি অনুযায়ী আগামী ০৫/১১/২০২৩ তারিখে অনুষ্ঠেয় অত্র মাদ্রাসার ইবতেদায়ী ১ম শ্রেণি হতে দাখিল ৯ম শ্রেণি পর্যন্ত বার্ষিক পরীক্ষা'২০২৩ সুষ্ঠু ও শান্তিপূর্ণভাবে গ্রহণ ও ফলাফল প্রস্তুতের লক্ষ্যে নিম্নোক্ত কমিটি গঠন করার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।

| ক্রমিক | দায়িত্ব প্রাপ্ত শিক্ষকদের নাম | পদবী | অবস্থান |
|---|---|---|---|
| ০১ | জনাব মাঃ মোহাম্মদ আবু বকর ছিদ্দিক | সহকারী মৌলভী | আহবায়ক (পঃ নিয়ন্ত্রক) |
| ০২ | জনাব মাঃ মোখতার আহমদ | সহকারী মৌলভী | সদস্য |
| ০৩ | জনাব মাস্টার মোহাম্মদ জকরিয়া | সহকারী শিক্ষক (সঃবিঃ) | সদস্য |
| ০৪ | জনাব মাস্টার শাখাওয়াত হোসেন | সহকারী শিক্ষক (গণিত) | সদস্য |
| ০৫ | জনাব মাস্টার ওবাইদুল ইসলাম | সহকারী শিক্ষক (বিজ্ঞান) | সদস্য |
| ০৬ | জনাব মাস্টার মোহাম্মদ ইসহাক | সহকারী শিক্ষক (আইসিটি) | সদস্য |
| ০৭ | জনাব মাস্টার মুহাম্মদ ছৈয়দুল বাশার | সহকারী শিক্ষক (শঃ চঃ) | সদস্য |
| ০৮ | জনাব মাস্টার মোহাম্মদ গিয়াস উদ্দিন | ইবতেদায়ী শিক্ষক | সদস্য |
| ০৯ | জনাব মাওঃ শরীফ আহমদ | ইবতেদায়ী মৌলভী | সদস্য |
| ১০ | জনাব মাওঃ মোহাম্মদ ইজ্জত আলী | ইবতেদায়ী ক্বারী | সদস্য |
| ১১ | জনাব মোহাম্মদ আব্দুল্লাহ | ল্যাব সহকারী | সদস্য |

***ঃ কমিটির কার্যাবলী ঃ***

১। গঠিত কমিটি ছাত্র-ছাত্রীদের জন্য পৃথক পৃথক পরীক্ষা হলের ব্যবস্থা করবেন। পরীক্ষার্থীদের উপস্থিতি নিশ্চিত করবেন ও মাদ্রাসা কর্তৃপক্ষের প্রকাশিতব্য পরীক্ষার সময় সূচীর আলোকে আসন বিন্যাস করবেন এবং দৈনন্দিন পরীক্ষা গ্রহণ করবেন।

২। দৈনন্দিন কক্ষ প্রত্যবেক্ষক তালিকা প্রস্তুত করবেন ও প্রতিষ্ঠান প্রধানের প্রতিস্বাক্ষরসহ পরীক্ষা অনুষ্ঠানের অন্তত একদিন পূর্বে নোটিশ বোর্ডে টাঙ্গানোর ব্যবস্থা করবেন।

৩। অত্র মাদ্রাসার ইবতেদায়ী নুরানী শাখার সকল বিষয়ের প্রশ্নপত্র স্বস্ব বিষয় শিক্ষকগণ খসড়া প্রস্তুত করে পরীক্ষা কমিটির নিকট জমা প্রদান করবেন। কমিটি সকল শ্রেণির প্রশ্নপত্র সীলগালাবস্থায় পরীক্ষা অনুষ্ঠানের কমপক্ষে ৩ দিন পূর্বে অফিসে সংরক্ষণ করবেন। পরীক্ষার রুটিন অনুযায়ী পরীক্ষা কেন্দ্রে দৈনন্দিন বিতরণ করবেন। প্রশ্নপত্রের ব্যাপারে যে কোন তথ্য ফাঁসের জন্য সংশ্লিষ্ট কমিটির সকল সদস্য ব্যক্তিগতভাবে দায়ী থাকবেন।

৪। উত্তর পত্র প্রস্তুত, পরীক্ষা শেষে গ্রহণ ও পরীক্ষকদের মাঝে বিলি-বন্টনের প্রয়োজনীয় ব্যবস্থা নেবেন। পরীক্ষার যাবতীয় কাগজ পত্রাদি সংগ্রহ ও সংরক্ষন করবেন। পরীক্ষায় নকল বন্ধের প্রয়োজনীয় সকল পদক্ষেপ গ্রহণ করেবন।

৫। পরীক্ষার্থী অনুপাতে কক্ষ প্রত্যবেক্ষক তালিকা তৈরী করবেন। যথাসম্ভব বিষয়ভিত্তিক শিক্ষককে পরীক্ষার প্রত্যবেক্ষক তালিকায় স্থান দেবেন এবং দায়িত্বের বিষয়টি প্রত্যবেক্ষকগণকে অবহিত করবেন। উল্লেখ্য যে, কোন প্রত্যবেক্ষক নির্ধারিত সিডিউলে অনুপস্থিত থাকতে পারবে না। যদি কোন প্রত্যবেক্ষক নির্ধারিত সিডিউলে দায়িত্ব পালনে অনুপস্থিত থাকেন সেক্ষেত্রে কমিটি বিষয়টি প্রতিষ্ঠান প্রধান কিংবা তাঁর প্রতিনিধিকে দ্রুত অবহিত করবেন। এ ক্ষেত্রে প্রতিষ্ঠান প্রধান বিধি মোতাবেক আইনগত ব্যবস্থা গ্রহণ করবেন।

৬। । পরীক্ষার্থী ও প্রত্যবেক্ষকদেরকে যথা সময়ে পরীক্ষা কেন্দ্রে উপস্থিতির বিষয়ে তাগিদ দেবেন। প্রত্যবেক্ষক সম্মানী বাবদ দৈনিক/বেলা- ৫০.০০ টাকা হারে প্রদান করবেন। কমিটির আহ্বায়ক ৬০০.০০ অন্যান্য সকল সদস্যের মাথাপিছু ৫০০.০০ এবং ৩য় ও ৪র্থ শ্রেণির কর্মচারীদের জন্য পরীক্ষা কাজে সহায়তার সম্মানী বাবদ মাথাপিছু ৫০০.০০ পরিশোধ করবেন। পরীক্ষার সময় প্রত্যবেক্ষক ও অন্যান্য শিক্ষকদেরকে মাদরাসার তহবিল হতে চলমান প্রক্রিয়ায় আপ্যায়ন করার ব্যবস্থা গ্রহণ করবেন।

৭। গঠিত কমিটি পরীক্ষক কর্তৃক প্রেরীত উত্তর পত্র পূণঃ যাচাই-বাছাই করবেন ও সংরক্ষন করবেন। নির্ভুলভাবে ইবতেদায়ী ৪র্থ শ্রেণী পর্যন্ত সাধারণ পদ্ধতিতে এবং পরবর্তী সংশ্লিষ্ট সকল শ্রেণীর ফলাফল গ্রেডিং পদ্ধতিতে প্রস্তুত করবেন ও গোপনীয়তা রক্ষা করবেন। ফলাফলে যে কোন ত্রুটির জন্য কমিটির সকল সদস্য ব্যক্তিগতভাবে দায়ী থাকবেন।

৮। পরীক্ষক (বিষয় শিক্ষক) উত্তর পত্র নিজেরাই মূল্যায়ন করে আগামী **৩০/১১/২০২৩** তারিখের মধ্যে পরীক্ষা পরিচালনা কমিটির নিকট অবশ্যই জমা প্রদান করবেন। পরীক্ষা শেষে কমিটি কর্তৃক প্রদত্ত প্রতিবেদন পর্যালোচনাক্রমে বিষয় শিক্ষকগণকে উত্তরপত্র মূল্যায়ন সম্মানী প্রদানের বিষয়ে প্রতি বিষয় ৫.০০ টাকা হারে পরিশোধ করা যেতে পারে।

৯। চূড়ান্ত ফলাফল অনুমোদন ও প্রকাশের লক্ষ্যে আগামী **১০/১২/২০২৩** তারিখ এর মধ্যে মাদ্রাসা অধ্যক্ষ বরাবরে পেশ করবেন।

১০। কমিটিকে সদস্যগণের পৃথক পৃথক কর্মবন্টন তালিকা প্রণয়নসহ কার্য সম্পাদনের পূর্বে কাজের পরিকল্পনা তৈরী পূর্বক সম্ভাব্য প্রাক্কলন/বাজেট প্রস্তুত করতে হবে ও অনুমোদিত বাজেট মোতাবেক ব্যয় কার্যক্রম সম্পাদন করতে হবে। উক্ত প্রাক্কলন/বাজেট পর্যালোচনা সাপেক্ষে কমিটিকে ৫০% প্রয়োজনীয় অগ্রীম বিল প্রদান করা হবে। পরবর্তীতে অগ্রীম গৃহীত বিলের অর্থ চূড়ান্ত বিলের সাথে সমন্বয় করবেন।

১১। অত্র শিক্ষা প্রতিষ্ঠানের স্বার্থে সংশ্লিষ্ট সকলকে অর্পিত দায়িত্ব যথাযথ পালনের জন্য বিশেষভাবে অনুরোধ করা হয়।

**(মাওঃ মোহাম্মদ সৈয়দ হোসাইন)**
অধ্যক্ষ
মদিনাতুল উলুম মডেল ইনস্টিটিউট ফাজিল (ডিগ্রি) মাদ্রাসা
নাইক্ষ্যংছড়ি, বান্দরবান পার্বত্য জেলা।
☎০১৮১৮৯০৬৯৯৫/০১৫৫৯৪৮২৯২০

**সদয় অবগতি ও কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো ঃ** (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নহে)

১। সিনিয়র সচিব, শিক্ষা মন্ত্রণালয়, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

২। মহা-পরিচালক, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, গাইড হাউস (৭ম ও ১০ম তলা), নিউ বেইলী রোড, ঢাকা-১০০০।

৩। চেয়ারম্যান, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, বকশিবাজার, ঢাকা-১২১১।

৪। জেলা প্রশাসক, বান্দরবান পার্বত্য জেলা।

৫। উপজেলা নির্বাহী অফিসার, নাইক্ষ্যংছড়ি, বান্দরবান পার্বত্য জেলা।

৬। জেলা শিক্ষা অফিসার, বান্দরবান পার্বত্য জেলা।

৭। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, নাইক্ষ্যংছড়ি, বান্দরবান পার্বত্য জেলা।

৮। জনাব আলহাজ্ব আব্দুর রহমান, সভাপতি, নির্বাহী কমিটি, অত্র মাদ্রাসা, নাইক্ষ্যংছড়ি উপজেলা সদর, বান্দরবান।

৯। জনাব.......................................................সদস্য (সকল), নির্বাহী কমিটি, অত্র মাদ্রাসা, নাইক্ষ্যংছড়ি উপজেলা সদর, বান্দরবান।

১০। সংশ্লিষ্ট নথি।